# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 21 April, 2025

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তার পরিবারে ১০ জনের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) স্থগিত (লক) করেছে নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ।গত ১৬ ফেব্রুয়ারি তাদের পরিচয়পত্রের কার্যকারিতা স্থগিত করা হলেও সোমবার বিষয়টি প্রকাশ পায়।

এনআইডি লকড হওয়ার কারণে এখন আর কার্ডটি ব্যবহার করা যাবে না।কেননা, এখন আর তাদের এনআইডি ভেরিফাই করার সুযোগ থাকবে না।তবে এনআইডি লকড থাকা অবস্থায় সংশ্লিষ্ট ব্যক্তির ভোট দিতে বা নির্বাচনে প্রার্থী হতে বাধা নেই বলে জানিয়েছেন ইসির সংশ্লিষ্ট কর্মকর্তারা।

শেখ হাসিনা ছাড়াও যাদের এনআইডি স্থগিত করা হয়েছে, তারা হলেন- ছেলে সজীব ওয়াজেদ জয়, মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল, বোন শেখ রেহানা সিদ্দিক, ভাগ্নি টিউলিপ রিজওয়ানা সিদ্দিক ও আজমিনা সিদ্দিক, ভাগ্নে রাদওয়ান মুজিব সিদ্দিক।এছাড়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরাপত্তা উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক ও তার স্ত্রী শাহিন সিদ্দিক মেয়ে বুশরা সিদ্দিক।

ইসি কর্মকর্তারা বলেন, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক এ এস এম হুমায়ুন কবীরের মৌখিক নির্দেশনায় মাস দুয়েক আগে তাদের এনআইডি ‘লক’ করা হয়েছে।হুমায়ুন কবীর বর্তমানে এনআইডি নিবন্ধন নিয়ে অস্ট্রেলিয়া সফরে রয়েছেন।

এর আগে দুদকের করা আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১১ মার্চ শেখ হাসিনা, তার পরিবার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং আওয়ামী লীগের নামে ১২৪টি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার আদেশ দেন ঢাকার আদালত।

শেখ হাসিনা প্রধানমন্ত্রী এনআইডি নির্বাচন কমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:38

URL: https://timestodaybd.com/national/7758071198